



পারমাণবিক অস্ত্র ইস্যুতে ইরানকে সতর্ক করল ন্যাটো



ছবি: সংগৃহীত

ইরানের পারমাণবিক কর্মসূচিকে ঘিরে কঠোর অবস্থান নিতে যাচ্ছে ন্যাটো। আসন্ন শীর্ষ সম্মেলনে জোটভুক্ত দেশগুলোর নেতারা জানাবেন, তেহরানকে কোনোভাবেই পারমাণবিক অস্ত্র অর্জনের সুযোগ দেওয়া হবে না। একই সঙ্গে হরমুজ প্রণালিতে আন্তর্জাতিক নৌপথে অবাধ চলাচল নিশ্চিত করার আহ্বানও জানানো হবে। রয়টার্সের দেখা সম্মেলনের খসড়া ঘোষণাপত্রে এসব অবস্থানের ইঙ্গিত দেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে, আঞ্চলিক নিরাপত্তা ও বৈশ্বিক বাণিজ্যের স্বার্থে হরমুজ প্রণালিতে নৌচলাচলের স্বাধীনতা বজায় রাখা জরুরি।

আগামী সপ্তাহে তুরস্কের রাজধানী আঙ্কারায় অনুষ্ঠিত ন্যাটো শীর্ষ সম্মেলনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পসহ সদস্য রাষ্ট্রগুলোর শীর্ষ নেতারা অংশ নেবেন। বৈঠকে নিরাপত্তা সহযোগিতা ও সম্মিলিত প্রতিরক্ষা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হওয়ার কথা রয়েছে।

এ ছাড়া ন্যাটো চুক্তির অনুচ্ছেদ-৫-এর প্রতি জোটের অঙ্গীকারও আবারও তুলে ধরা হবে। এই নীতির অধীনে কোনো একটি সদস্য দেশের ওপর হামলাকে পুরো জোটের বিরুদ্ধে হামলা হিসেবে বিবেচনা করা হয় এবং সম্মিলিতভাবে প্রতিক্রিয়া জানানোর প্রতিশ্রুতি রয়েছে।

সূত্র: রয়টার্স।